

হাই স্কুলে ভর্তি বা অ্যাডমিশন: অনলাইনে মাইস্কুলস্-এর মাধ্যমে অডিশন বা অন্যান্য উপকরণ জমা দিন!

প্রিয় পরিবার,

আপনার আবেদনের জন্য কোনো অডিশন বা বাছাই (স্ক্রিনড) প্রোগ্রামের কথা বিবেচনা করছেন? তাদের বাড়তি কোনো শর্ত আছে কি না, সেটা আগেই নিশ্চিত করে নিন। অধিকাংশ হাই স্কুল প্রোগ্রামের ক্ষেত্রে আপনাকে আবেদনের জন্য যা করতে হবে, সেটা হলো, সেটাকে আবেদনপত্রে তালিকাভুক্ত করা। কিছু প্রোগ্রামের বাড়তি শর্ত রয়েছে যা আপনি জানতে পারবেন প্রোগ্রামের মাই স্কুলস্ পেজ-এ, "বাছাইয়ের মানদণ্ড" (Selection Criteria)-এর নিচে।

- **অডিশন (আর্টস প্রোগ্রামগুলো)-তে** আবেদনকারীদের অডিশন দিতে হয়। এ বছর আপনি এগুলোর যে কোনোটিতে অডিশন দিতে পারবেন ভার্সুয়ালভাবে। কিছু কিছু অডিশন প্রোগ্রাম বিকল্প হিসেবে সশরীরে উপস্থিতির অডিশনের সুযোগ দেয়।
 - যেসব প্রোগ্রাম উভয় সুযোগ দেয়, সেগুলোতে ভার্সুয়াল বা সশরীরে অডিশন, কোনোটাতেই বিশেষ সুযোগ নেই।
 - ফিওরেলো এইচ. লাগোর্ডিয়া হাই স্কুল অভ মিউজিক অ্যান্ড আর্ট অ্যান্ড পারফর্মিং আর্টস্-এর প্রোগ্রামগুলোসহ শিল্পকলা বিভাগের একই শাখার (যেমন ড্যান্স) সকল প্রোগ্রামের রয়েছে একই [অডিশনের শর্ত](#)—অর্থাৎ ধরুন, আপনি ড্যান্স প্রোগ্রামে আবেদন করতে পারবেন, তিনটি ভিন্ন ভিন্ন স্কুলে, শুধু একবার জমাদানের মাধ্যমে।
- **কিছু বাছাই (স্ক্রিনড) প্রোগ্রামে** আবেদনকারীকে একটি সাক্ষাৎকার দিতে বা লিখে জমা দিতে হয়। কীভাবে শিক্ষার্থীরা বাছাই প্রোগ্রামে অফার পাবে, সেটা সম্পর্কে জানুন এই [ওয়েবপেজ থেকে schools.nyc.gov/ScreenedHS](#).

বাড়তি উপকরণসমূহ অনলাইনে জমা দিন

আজ থেকে শুরু করে আপনি মাইস্কুলস্ (MySchools)-এ লগ ইন করতে পারবেন এবং অডিশন ফাইল—সাথে সাথে প্রোগ্রামের শর্তে জমাদানের কিছু থাকলে (যদি প্রযুক্ত হয়)—সরাসরি আপনার অ্যাকাউন্ট-এর মাধ্যমে জমা দিতে পারবেন! নিয়ম জানতে ও ফাইল আপলোড করতে হলে আপনার মাইস্কুলস্ (MySchools) ড্যাশবোর্ডে নীল "বাড়তি উপকরণ" (Additional Materials)-এ ক্লিক করুন। এই টিউটোরিয়ালটি প্রক্রিয়া সম্পর্কে আপনাকে ধাপে ধাপে পরিচিত করবে। কোনো ফাইল আপলোড করার শেষ তারিখ হলো **1 মার্চ, 2022** তারিখ।

আবেদন / রেজিস্টার করার কথাও স্মরণ রাখবেন

- **হাই স্কুলের আবেদনে বাছাইয়ের জন্য:** আপনার সেরা 12টি প্রোগ্রাম বাছাই—সবগুলো বাছাই বা অডিশন প্রোগ্রামসহ—আপনার অগ্রাধিকারক্রম অনুযায়ী তালিকাভুক্ত করুন। [হাই স্কুলে আবেদনের শেষ তারিখ](#) হলো **1 মার্চ, 2022** তারিখ।
- **শুধু লাগোর্ডিয়া প্রোগ্রামের জন্য:** [অডিশনের জন্য রেজিস্টার](#) করুন এবং আপনার লাগোর্ডিয়া প্রোগ্রাম, বাছাই-এর প্রতি নজর দিন। অনুগ্রহ করে জেনে রাখুন যে, লাগোর্ডিয়া হাই স্কুলসহ স্পেশালাইজড হাই স্কুলগুলো একটি ভিন্ন ভর্তি প্রক্রিয়া অনুসরণ করে, সুতরাং আপনি সেসব স্কুলকে আপনার আবেদনপত্রে তালিকাভুক্ত করতে পারবেন না। রেজিস্টার করার শেষ দিন **1 মার্চ, 2022** তারিখ।

কোনো প্রশ্ন আছে বা সহায়তা প্রয়োজন?

সর্বসাম্প্রতিক ভর্তি তথ্যের জন্য schools.nyc.gov/High এবং schools.nyc.gov/SHS দেখুন। আপনার [MySchools](#) (মাইস্কুলস) অ্যাকাউন্ট বা ভর্তি সংক্রান্ত কোনো বিষয়ে সহায়তা প্রয়োজন? আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে কথা বলুন অথবা কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) সাথে যোগাযোগ করুন।

শুভ কামনায়,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? আমাদের হাই স্কুলের ভর্তির মেইলিং লিস্টে নাম লেখাতে বা সাইন আপ করতে schools.nyc.gov/SignUp সাইটে যান হাই স্কুলে অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।